

৫৭

শিক্ষা মন্ত্রণালয়ের ব্যাখ্যা

গত ১১ই নভেম্বর মুম্বইয়ে কিছু ছাত্র ও শিক্ষকের ছাত্র ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার একটি খবরের প্রতি সরকারের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। রাসস জানায়, গতরাতে শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ সম্পর্কে বিস্তারিত নিরসনে ব্যাখ্যা দেয়া হয়। তাতে বলা হয়, ঢাকা (শেষ পৃঃ ২-এর কঃ ৩ঃ)

শিক্ষা মন্ত্রণালয়

(১ম পাতার পর)

বিশ্ববিদ্যালয়ের ১ হাজার শিক্ষক এবং ২৮ হাজার ছাত্রের মধ্যে মুম্বইয়ে কিছু ছাত্র ও শিক্ষক ক্লাসরুমে প্রবেশ করে এবং পাঠ্যক্রম বহির্ভূত রাজনৈতিক বিষয় নিয়ে আলোচনা করে। তাতে বলা হয়, এমনকি যারা উপস্থিত ছিল তাদের মধ্যে অনেকে ছিল বহিরাগত, তারা সর্বশ্রেষ্ঠ বিভাগের সঙ্গে জড়িত নয় বলে জানা গেছে।

এখানে উল্লেখ করা যেতে পারে যে, ১৯৭৩ সালে বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ অনুযায়ী একমাত্র সিন্ডিকেটই বিশ্ববিদ্যালয় খোলার সিদ্ধান্ত নিতে পারেন।

শিক্ষা প্রতিষ্ঠান (আইন ও শৃংখলা) অধ্যাদেশ ১৯৯০-এর অধীনে ঢাকা বিশ্ববিদ্যালয় ১৩ই অক্টোবর বন্ধ করা হয়। গতকাল সোমবার বন্ধের মেমো শেষ হয়েছে। সরকার দেশের আইন-শৃংখলা পরিস্থিতির সামগ্রিক পর্যালোচনা করে বন্ধের মেমো আর বৃদ্ধি না করার সিদ্ধান্ত নিয়েছেন এবং এই সিদ্ধান্ত বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত ও অন্যান্য মাধ্যমে প্রচারিত হয়েছে।